রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ১০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৮, ২০১৮

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১১১—১২২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৯৩—৩৩৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২২৭—২৫০ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১১ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৪ জানুয়ারি ২০১৮

নং ১৭.০০.০০০০.০১৫.৫৫.০৬১.০৫-৫৭—যেহেতু, জনাব শুধাংসু কুমার সাহা, অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, বরিশাল জেলা নির্বাচন অফিসার নোয়াখালী থাকাকালীন গত ২৮ ডিসেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত নোয়াখালী জেলার সোনাইমুড়ী উপজেলার সোনাপুর ইউনিয়ন পরিষদ উপ-নির্বাচনে ৩নং সাধারণ ওয়ার্ডের সদস্য নির্বাচনে ১(এক) জন প্রার্থীর ভুল প্রতীক বরাদ্দ হওয়া সত্ত্বেও তিনি যাচাইপূর্বক বিষয়টি নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করেননি তথা ব্যালট পেপার সংশোধনের ব্যাপারে কোনো ব্যবস্থা গ্রহণ করেননি এবং এ কারণে উক্ত নির্বাচনের ভোট গ্রহণ বন্ধ হয়;

যেহেতু, জনাব শুধাংসু কুমার সাহা উক্ত নির্বাচনি কাজে দায়িত্বে চরম অবহেলা ও ব্যর্থতার পরিচয় দিয়েছেন;

যেহেতু, গত ২৮ ডিসেম্বর, ২০১৭ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব কর্তৃক মোবাইল ফোনের মাধ্যমে জনাব শুধাংসু কুমার সাহাকে উক্ত নির্বাচনি কাজে ব্যর্থতার ব্যাপারে প্রাথমিকভাবে জিজ্ঞাসাবাদ করা হলে তার নিকট হতে সদুত্তর পাওয়া যায়নি;

যেহেতু, উক্তরূপ জিজ্ঞাসাবাদ করার পর গত ২৯ ডিসেম্বর ২০১৭ তারিখ সন্ধ্যায় মোবাইল নম্বর +৮৮০১৭১১১৭২৪৬৮ হতে এক ব্যক্তি নাম গোপন রেখে মানবাধিকার কর্মী পরিচয়ে জনাব শুধাংসু কুমার সাহা'র বিরুদ্ধে কোনো ব্যবস্থা গ্রহণ না করার জন্য নির্বাচন কমিশন সচিবালয়ের সচিবকে প্রাণনাশের হুমকি প্রদান করা হয় এবং গত ৩০ ডিসেম্বর ২০১৭ তারিখ সকালে একই মোবাইল নম্বর মারফত একই বিষয়ের প্রেক্ষিতে দুর্ব্যবহার করা হয়;

মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, গত ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে জনাব শুধাংসু কুমার সাহা-কে অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল হিসেবে বদলির আদেশ জারির প্রেক্ষিতে এ আদেশ বাতিলসহ তার বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেয়া যাবেনা মর্মে মোবাইল ফোনে বিভিন্ন মহল হতে নির্বাচন কমিশন সচিবালয়ের সচিবকে অসংখ্যবার হুমকি ও চাপ প্রয়োগ করা হয়;

যেহেতু, জনাব শুধাংসু কুমার সাহার বিরুদ্ধে কোনো ব্যবস্থা গ্রহণ না করার জন্য বিভিন্ন মহল হতে মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ রফিকুল ইসলাম মহোদয় এবং মাননীয় নির্বাচন কমিশনার বেগম কবিতা খানম মহোদয়কে বিভিন্ন মহল হতে উত্যক্ত করা হয়;

যেহেতু, উক্তরূপ হুমকি ও উত্যক্ত করার ঘটনা চলাকালে জনাব শুধাংসু কুমার সাহার সাথে মোবাইল ফোনে ও সরাসরি লোক মারফত বারবার যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি এবং এ কারণে অযাচিত ও অস্বস্তিকর পরিস্থিতির সৃষ্টি হয়;

সেহেতু, এহেন কার্যাবলীর জন্য জনাব শুধাংসু কুমার সাহা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণের (Misconduct) এর দায়ে বিধি ১১ (১) অনুযায়ী সাময়িক বরখাস্ত করা হ'ল।

২। উল্লেখ্য যে, সাময়িক বরখাস্তকালীন তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Allowance) পাবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হ'ল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

**হেলালুদ্দীন আহমদ**
ভারপ্রাপ্ত সচিব।

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**শাখা-১ (প্রশাসন)**

**শোকপ্রস্তাব**

তারিখ : ১১ মাঘ ১৪২৪/২৪ জানুয়ারি ২০১৮

**নং ০৮.০০.০০০০.০৩৬.৬৫.০৪৭.১৫-১০৯**—অভ্যন্তরীণ সম্পদ বিভাগের উপসচিব (পিআরএল ভোগরত) জনাব মোঃ জিল্লুর রহমান গত ২৭-১২-২০১৭ খ্রিঃ তারিখ সকাল ০৬.৫৭ মিনিটে ভারতের চেন্নাইস্থ অ্যাপোলো হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৯ বছর ১১ মাস ১৪ দিন।

২। মরহুম মোঃ জিল্লুর রহমান ১৪-০৬-১৯৫৮ খ্রিঃ তারিখে নাটোর জেলার দুর্গাপুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি বিগত ১৮-০৬-১৯৮৪ খ্রিঃ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাণিসম্পদ অধিদপ্তরে কর্মজীবন শুরু করেন এবং ২২-১১-২০১৩ খ্রিঃ তারিখে উপসচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি অভ্যন্তরীণ সম্পদ বিভাগে কর্মরত (পিআরএল ভোগরত) ছিলেন।

৩। মরহুম মোঃ জিল্লুর রহমান ব্যক্তিগত ও চাকুরী জীবনে সৎ, দক্ষ, অমায়িক ও নিষ্ঠাবান কর্মকর্তা হিসেবে সকলের নিকট পরিচিত ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ০১ পুত্র সন্তান এবং ০১ কন্যা সন্তান, আত্মীয়-স্বজন ও বহু গুনগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মরহুম মোঃ জিল্লুর রহমান এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর বিদেহী আত্মার শান্তি ও মাগফেরাত কামানা করছে এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**মোঃ মোশারফ হোসেন ভূঁইয়া এনডিসি**
সিনিয়র সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ০৯ মাঘ ১৪২৪/২২ জানুয়ারি ২০১৮

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৪.০৪০.১২(অংশ-১)-১০**—১৯৫৫ সনের প্রজাস্বত্ত বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | টেংরামারী | ১৫২ | ডুমুরিয়া | খুলনা |
| ২ | বাহির আকড়া | ২০২ | ডুমুরিয়া | খুলনা |
| ৩ | তেতুলতলা | ১৮০ | ডুমুরিয়া | খুলনা |
| ৪ | জেলের ডাঙ্গা | ৬৫ | ডুমুরিয়া | খুলনা |
| ৫ | কাঞ্চননগর (পশ্চিম) | ১৭৫ | ডুমুরিয়া | খুলনা |
| ৬ | কাকমারী | ১২৬ | ডুমুরিয়া | খুলনা |
| ৭ | ভদ্রদিয়া | ২৯ | ডুমুরিয়া | খুলনা |
| ৮ | খরসন্ডা | ১৫৭ | ডুমুরিয়া | খুলনা |
| ৯ | টিপনা | ৩৪ | ডুমুরিয়া | খুলনা |
| ১০ | রানাই | ২৬ | ডুমুরিয়া | খুলনা |
| ১১ | বাদুড়িয়া (বনাম) রঘুনাথপুর | ৯৯ | ডুমুরিয়া | খুলনা |
| ১২ | লক্ষীপুর | ১৬০ | ডুমুরিয়া | খুলনা |
| ১৩ | শ্যামনগর | ১৭৯ | ডুমুরিয়া | খুলনা |
| ১৪ | সিঙ্গা | ২৪ | ডুমুরিয়া | খুলনা |
| ১৫ | তালতলা | ১৩২ | ডুমুরিয়া | খুলনা |
| ১৬ | হাতিয়ারডাঙ্গা | ৯ | কয়রা | খুলনা |
| ১৭ | গিলাবাড়ী | ২৩ | কয়রা | খুলনা |
| ১৮ | নারায়নপুর | ২৬ | কয়রা | খুলনা |
| ১৯ | শেওড়া | ৩৩ | কয়রা | খুলনা |
| ২০ | মাথাভাঙ্গা | ৩৯ | কয়রা | খুলনা |
| ২১ | শরিষামুটী | ৪০ | কয়রা | খুলনা |
| ২২ | চটকাতলা | ৪১ | কয়রা | খুলনা |
| ২৩ | বারপোতা | ৪২ | কয়রা | খুলনা |
| ২৪ | জয়পুর | ৬০ | কয়রা | খুলনা |
| ২৫ | গোবিন্দপুর | ৬৩ | কয়রা | খুলনা |
| ২৬ | শেয়ালী | ৫৫ | রূপসা | খুলনা |
| ২৭ | আলাইপুর | ৪১ | রূপসা | খুলনা |
| ২৮ | দক্ষিণ বামনডাঙ্গা | ৫৬ | রূপসা | খুলনা |
| ২৯ | পাথরঘাটা | ৪৫ | রূপসা | খুলনা |
| ৩০ | নেহালপুর | ৩৯ | রূপসা | খুলনা |
| ৩১ | বাঘমারা | ১৪ | রূপসা | খুলনা |
| ৩২ | ভাতগাতী | ১১৭ | বটিয়াঘাটা | খুলনা |
| ৩৩ | কার্ত্তিকদিয়া | ১৮ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৩৪ | পশ্চিমভাগ | ৪০ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৩৫ | আতাইকাটী | ৪৩ | বাগেরহাট সদর | বাগেরহাট |

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ৩৬ | নোয়াপাড়া | ৪৪ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৩৭ | কোন্ডলা | ৫৬ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৩৮ | ভাটপাড়া কাড়াখালী | ৭৩ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৩৯ | শ্রীঘাট | ৮৮ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৪০ | সুগন্ধি | ৯৫ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৪১ | রনজিতপুর | ৯৭ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৪২ | রাজাপুর (পশ্চিম) | ১১০ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৪৩ | ফুলমগরা | ১১৪ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৪৪ | বড় চাঁদপুর | ১২৯ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৪৫ | খেগড়াঘাট | ১৩০ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৪৬ | হেদাতপুর | ১৩২ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৪৭ | কালিয়া | ১৩৩ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৪৮ | ফুলতলা | ১৪৫ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৪৯ | কাঠাল | ১৪৯ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৫০ | সোনাতলা | ১৫৪ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৫১ | বৈটপুর | ১৬১ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৫২ | খাড়াসম্বল | ১৮১ | বাগেরহাট সদর | বাগেরহাট |
| ৫৩ | সোনাকান্দর | ৭ | কচুয়া | বাগেরহাট |
| ৫৪ | কচুয়া | ৪৬ | কচুয়া | বাগেরহাট |
| ৫৫ | ভান্ডারকোলা | ৬১ | কচুয়া | বাগেরহাট |
| ৫৬ | শ্রীরামপুর | ৬৩ | কচুয়া | বাগেরহাট |
| ৫৭ | রঘুদত্তকাঠী | ৭৭ | কচুয়া | বাগেরহাট |
| ৫৮ | ঘোষগাতী | ৩৬ | মোল্লাহাট | বাগেরহাট |
| ৫৯ | চর উদয়পুর | ৪৭ | মোল্লাহাট | বাগেরহাট |
| ৬০ | সাদপুর | ৩০ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| ৬১ | সোতা | ২৩৭ | কালিগঞ্জ | সাতক্ষীরা |

তারিখ : ০৮ মাঘ ১৪২৪/২১ জানুয়ারি ২০১৮

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.১১২.১০(অংশ-১)-১১—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | চর বাঞ্চারাম | ২৫ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| ২ | শ্রীরামপুর | ৬৩ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| ৩ | পূর্ব্ব চর ইলাহী | ১৩৭ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| ৪ | রামদি | ২০১ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| ৫ | দক্ষিণ সুজাপুর | ৮১ | সোনাগাজী | ফেনী |
| ৬ | চর এলেন | ১০২ | সোনাগাজী | ফেনী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**
যুগ্মসচিব।

**অধিগ্রহণ-২ শাখা**

**এল. এ. কেস নং ৩৭/৬৭-৬৮**

**ফরম-ঘ**

**(০৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**৫(৭) ধারা মোতাবেক**

তারিখ : ১০ জানুয়ারি ২০১৮

নং **৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৩৩.১৬-২১**—যেহেতু, নিম্নের তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর-৩ ধারা মোতাবেক ১৮-০৪-১৯৬৯ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে;

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্নের তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো এবং ইহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

**তফসিল**

মৌজা-চর নূরুল আমীন, জে, এল, নং-৬৯, সিট নং-৪, উপজেলা-চরফ্যাশন, জেলা-ভোলা।

| দাগ নম্বর (আর.এস.) | দাগের অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ১৫৬৮ | ০.০৮ |
| ১৫৬৯ | ০.৮৩ |
| ১৫৭৮ | ১.৪৬ |
| ১৫৭৯ | ৩.৩০ |
| ১৫৮০ | ০.০৮ |
| ১৫৮১ | ০.০৬ |
| ১৫৮৩ | ০.৩০ |
| ১৫৮৫ | ০.৫৯ |
| ১৫৯৩ | ১.২৯ |
| ১৫৯৪ | ০.০৫ |
| ১৫৯৫ | ০.০৩ |
| ১৫৯৬ | ০.৭০ |
| ১৫৯৭ | ০.০৮ |
| ১৫৯৮ | ০.০৪ |
| ১৫৯৯ | ১.২৬ |
| ১৬০৪ | ০.০৪ |
| ১৬০৫ | ০.১১ |
| ১৬০৬ | ৩.১৪ |
| ১৬০৭ | ০.০৭ |
| ১৬১০ | ০.০২ |
| ১৬১১ | ১.২৮ |
| ১৬১২ | ০.১৬ |
| ১৬৩৯ | ০.০৯ |
| ১৬৪১ | ০.০২ |
| ১৬৪২ | ০.০৫ |
| ১৫৯২ | ১.১৮ |
| ১৬১৩ | ০.০৩ |
| অধিগ্রহণকৃত সর্বমোট জমির পরিমাণ = ১৬.৩৪ একর | |

অধিগ্রহণকৃত জমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর ভূমি হুকুম দখল শাখায় দেখা যেতে পারে।

**মোঃ আব্দুর রাজ্জাক**
উপসচিব।

## পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
## (সমন্বয়-১ শাখা)

### প্রজ্ঞাপন

তারিখ : ১৮ জানুয়ারি ২০১৮

নং **২৯.০০.০০০০.২২৩.০৬.১৭.২০১০-২৯**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গঠিত পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কমিটির সাথে পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির মধ্যে গত ২রা ডিসেম্বর, ১৯৯৭ তারিখে সম্পাদিত চুক্তির (ক)(৩) অনুচ্ছেদের শর্ত অনুযায়ী চুক্তি বাস্তবায়ন প্রক্রিয়া পরিবীক্ষণ করার লক্ষ্যে সরকার কর্তৃক নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে চুক্তি বাস্তবায়ন কমিটি পুনর্গঠন করা হলো :

**আহবায়ক**

১) জনাব আবুল হাসানাত আবদুল্লাহ, এমপি

**সদস্যবৃন্দ**

২) সভাপতি পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি-
(শ্রী জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা)

৩) চেয়ারম্যান, টাস্কফোর্স-
(জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এমপি)

২। কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবে ঃ

(ক) এই চুক্তির বাস্তবায়ন প্রক্রিয়া পরিবীক্ষণ ও তত্ত্বাবধান ;

(খ) এই চুক্তির আওতায় অস্ত্র সমর্পণসহ ক্ষমা প্রদর্শন সংক্রান্ত যাবতীয় কার্যাদি নিষ্পন্ন করার জন্য কর্মসূচি প্রণয়ন ও উহার বাস্তবায়ন;

(গ) এই চুক্তি বাস্তবায়ন প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগসহ অধঃস্তন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা ও কর্তৃপক্ষের কর্মতৎপরতার মধ্যে সমন্বয় সাধন, প্রয়োজনীয় পরামর্শ/ নির্দেশনা প্রদান;

(ঘ) এই চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত সমস্যাদি সমাধান কল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজবোধে সরকারের নিকট সুপারিশ প্রদান;

(ঙ) শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন সংক্রান্ত কার্যক্রম তত্ত্বাবধান;

(চ) অভ্যন্তরীণ উদ্বাস্তুদের পুনর্বাসন সংক্রান্ত কার্যক্রম তত্ত্বাবধান।

৩। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৪। সকল মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত, নির্দেশনা প্রতিপালন করবে এবং তদানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৫। চুক্তির সুষ্ঠু বাস্তবায়ন প্রক্রিয়ার জন্য প্রয়োজনবোধে বাস্তবায়ন কমিটি সাব-কমিটি গঠন করতে পারবে।

৬। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কমিটিকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানসহ এ সংক্রান্ত সকল ব্যয় বহন করবে।

৭। এই কমিটি অবিলম্বে কার্যক্রম শুরু করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রীভা চাকমা**
সিনিয়র সহকারী সচিব।

## মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
## মৎস্য-১ অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৪ মাঘ ১৪২৪/১৭ জানুয়ারি ২০১৮

নং **৩৩.০০.০০০০.১২৬.১০.০০১.১৬-৪২**—যেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম, প্রকল্প পরিচালক, "স্বাদু পানি চিংড়ি চাষ সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় তদন্তে প্রমাণিত উক্ত অভিযোগে একই বিধিমালার ৪(২)(ই) বিধি মোতাবেক এ মন্ত্রণালয়ের গত ২৩-০৪-২০১৭ তারিখের ৩৩.০০.০০০০.১২৬.১০.০০১.১৬-২৪৯ নং আদেশে তাঁকে "স্থায়ীভাবে বেতন স্কেলের নিম্নধাপে অবনমিতকরণ" এর লঘুদণ্ড প্রদান করা হয়;

যেহেতু, উক্ত দণ্ডাদেশের বিরুদ্ধে জনাব মোঃ রফিকুল ইসলাম মহামান্য রাষ্ট্রপতি সমীপে আপিল আবেদন পেশ করলে মহামান্য রাষ্ট্রপতি সদয় হয়ে জনাব মোঃ রফিকুল ইসলাম এর আপিল আবেদন বিবেচনা করে পূর্বে প্রদত্ত "স্থায়ীভাবে বেতন স্কেলের নিম্নধাপে অবনমিতকরণ" লঘুদণ্ড হ্রাস করে তাঁকে "২(দুই) বৎসর পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" রাখার লঘুদণ্ড প্রদান করেছেন।

সেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম, প্রকল্প পরিচালক, "স্বাদু পানি চিংড়ি চাষ সম্প্রচারণ প্রকল্প (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় তদন্তে প্রমাণিত উক্ত অভিযোগে একই বিধিমালার ৪(২)(ই) বিধি মোতাবেক এ মন্ত্রণালয়ের গত ২৩-০৪-২০১৭ তারিখের ৩৩.০০.০০০০.১২৬.১০.০০১.১৬-২৪৯ নং আদেশে জারীকৃত শাস্তি বাতিল পূর্বক তাঁকে ৪(২) (বি) বিধি মোতাবেক "২(দুই) বৎসর পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" লঘুদণ্ড প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে বেতন বৃদ্ধির ক্ষেত্রে এর কোন বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৯ মাঘ ১৪২৪/২২ জানুয়ারি ২০১৮

নং **৩৩.০০.০০০০.১২৬.১০.০০৮.১৭-৫১**—যেহেতু, জনাব গোপাল চন্দ্র দাস, খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, বরগুনা সদর, বরগুনা (প্রাক্তন খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, দূর্গাপুর, নেত্রকোনা) মৎস্য বীজ উৎপাদন খামার, দূর্গাপুর, নেত্রকোনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দূর্নীতিপরায়ণতা' এর অভিযোগে বিভাগীয় মামলা নং-০২/২০১৬ রুজু করা হয়; এবং

যেহেতু, ১৪-০৬-২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানিকালে অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য শ্রবণ ও উপস্থাপিত অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্র পর্যালোচনায় জনাব গোপাল চন্দ্র দাস এর জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য এ মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ শফিকুল ইসলাম-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা জনাব গোপাল চন্দ্র দাস এর বিরুদ্ধে আনীত কারণ দর্শানো নোটিশের জবাবে তদন্তকারী কর্মকর্তাগণের বিরুদ্ধে অসৌজন্যমূলক ও অপ্রাসঙ্গিক মন্তব্য সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

সেহেতু, তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সার্বিক বিষয় বিবেচনায় জনাব গোপাল চন্দ্র দাস, খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, দূর্গাপুর, নেত্রকোনা-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২) (এ) বিধি মোতাবেক "তিরস্কার (Censure)" দণ্ড প্রদান করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ মাকসুদুল হাসান খান**
সচিব।

[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]

প্রাণিসম্পদ-৪ অধিশাখা

আদেশ

তারিখ : ২৩ অগ্রহায়ণ ১৪২৪/০৭ ডিসেম্বর ২০১৭

**নং ৩৩.০০.০০০০.১২০.১৫.০২২.১৩-২৭৮**—মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “২য় পশুসম্পদ উন্নয়ন” শীর্ষক সমাপ্ত প্রকল্প হতে অস্থায়ীভাবে রাজস্বখাতে স্থানান্তরিত নিম্নবর্ণিত ২০৬ (দুইশত ছয়) টি পদ ০১-০৬-২০১৬ তারিখ হতে ভূতাপেক্ষভাবে স্থায়ীকরণে বর্ণিত শর্তে নির্দেশক্রমে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

| ক্রমিক নং | পদনাম | পদ সংখ্যা | জাতীয় বেতনস্কেল ২০১৫ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | সহকারী প্রকৌশলী | ০৪(চার) টি | ২২০০০-৫৩০৬০/- | |
| ২ | উপ সহকারী প্রকৌশলী | ১৫(পনের) টি | ১৬০০০-৩৮৬৪০/- | |
| ৩ | ড্রাফটসম্যান | ০১(এক) টি | ১২৫০০-৩০২৩০/- | |
| ৪ | পরিচ্ছন্নতা কর্মী (ঝাড়ুদার) | ০১(এক) টি | ৮২৫০-২০০১০/- | |
| ৫ | ওয়াচম্যান | ০১(এক) টি | ৮২৫০-২০০১০/- | |
| ৬ | পরিচ্ছন্নতা কর্মী (সুইপার) | ১২(বার) টি | ৮২৫০-২০০১০/- | |
| ৭ | এনিমেল এটেনডেন্ট | ০৩(তিন) টি | ৮২৫০-২০০১০/- | |
| ৮ | পোলট্রি এটেনডেন্ট | ১১(এগার) টি | ৮২৫০-২০০১০/- | |
| ৯ | অফিস সহায়ক | ১৫৮(একশত আটান্ন) টি | ৮২৫০-২০০১০/- | |
| | মোট= | ২০৬(দুইশত ছয়) টি | | |

২। পদগুলোর যাবতীয় ব্যয় প্রাণিসম্পদ অধিদপ্তরের কোড নং-৩-৪৪৪১-৪৪৪৩-৪৪৪৫-৪৪৪৭-৪৪৪৯-৪৪৫১-৪৪৫৩-৪৪৫৫-৪৪৫৯-০০০১-০০০০ এর খাত হতে মিটানো হবে।

৩। ৪র্থ শ্রেণির পদের পদধারীগণের মৃত্যুজনিত বা অবসরগ্রহণ বা অন্য কোন কারণে পদ শূন্য হলে উক্ত শূন্য পদে Outsourcing এর মাধ্যমে পূরণ করা হবে;

৪। জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের সম্মতি এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**অসীম কুমার বালা**
যুগ্মসচিব।

---

শিল্প মন্ত্রণালয়

নীতি শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৩ জানুয়ারি ২০১৮

**নং ৩৬.০০.০০০০.০৬০.০৬.০৩০.১৭-১০**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এতদ্বারা “গার্মেন্টস এক্সেসরিজ” শিল্পকে জাতীয় শিল্পনীতি ২০১৬ এ অগ্রাধিকার খাত হিসাবে অন্তর্ভুক্ত করছে।

**নং ৩৬.০০.০০০০.০৬০.০৬.০৩০.১৭-১১**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এতদ্বারা “প্যাকেজিং” শিল্পকে জাতীয় শিল্পনীতি ২০১৬ এ অগ্রাধিকার খাত হিসাবে অন্তর্ভুক্ত করছে।

**নং ৩৬.০০.০০০০.০৬০.০৬.০৩০.১৭-১২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এতদ্বারা “নারিকেলের ছোবড়ার আঁশ নির্ভর” শিল্পকে জাতীয় শিল্পনীতি ২০১৬ এ অগ্রাধিকার খাত হিসাবে অন্তর্ভুক্ত করছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সলিম উল্লাহ**
সিনিয়র সহকারী সচিব।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১১ মাঘ ১৪২৪/২৪ জানুয়ারি ২০১৮

**নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৩৬.১৫-৩৫**—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল :

| ক্রমিক নং | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | শাহী মসজিদ আজিমপুর গোরস্থান, ঢাকা। | নতুন পল্টনের লাইন | আর.এস. খতিয়ান-১৫৩<br><br>সিটি খতিয়ান-১২ | আর.এস. দাগ ৭৩৪, ৭৩৫<br><br>সিটি দাগ-১৫৩০, ১৫৩১ | .১১৬৮ একর<br><br>.১১৯০ একর | উত্তরে- মহল্লার রাস্তা তৎপর নতুন পল্টন লাইন স্কুল এন্ড কলেজ।<br>দক্ষিণ ব্যক্তি মালিকানাধীন বসত বাড়ী।<br>পূর্ব কবর স্থানের রাস্তা এবং কবরস্থান।<br>পশ্চিম ফয়জুল উলুম মাদ্রাসা।<br>এই চৌহদ্দীর মধ্যে শাহী মসজিদ। | আরএস রেকর্ডীয় মালিক রওশন আলী ওয়াকফ স্টেট পক্ষে মোতয়াল্লী সৈয়দ নুর উল্লা, হাবিব উল্লা, আবু ওবায়েদ উল্লাহ, মজাহার উল্লাহ, ছাবেরা বেগম, পিং-খায়ের উল্লাহ, ১৯২ নং নতুন পল্টনের লাইন<br>সিটি জরিপ রেকর্ডীয় মালিক আজিমপুর গোরস্থান মসজিদ কমিটির পক্ষে সেক্রেটারী ১৯২ নং ও ১৯১ নং নতুন পল্টনের লাইন | | |

**নং ৪৩.০০.০০০০.১১৪.০০৬.৩১.২০০৯-৩৬**—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল :

| ক্রমিক নং | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | আলেকজান্ডার ক্যাসল ময়মনসিংহ। | ময়মনসিংহ টাউন | ৯৫/১২<br>৯৫/১২<br>৯৫/১২<br>৯৫/৭<br>৯৫/৭<br>৯৫/৭<br>৯৫/৭<br>৯৫/১০<br>৯৫/১০<br>৯৫/১০<br>৯৫/১০<br>৯৫/১০<br>৯৫/১০ | ২৯৭<br>২৯৮<br>২৯৯<br>৬৭৭<br>৬৮০<br>৬৮১<br>৬৮২<br>৩৭৬<br>৩৭৭<br>৩৭৮<br>৩৮২<br>৩৭৯<br>৩৭৫ | ০.১১৮<br>১০.১০৪<br>১.০০৩<br>৮.৪৪৭<br>০.৮৩৮<br>০.৬৯৫<br>০.০৬০<br>০.০৪২<br>০.৩৭০<br>০.৬৯১<br>৩.৭৮৬<br>০.৯০৭<br>০.০৯৪ | উত্তরে- রাস্তা ও ব্রহ্মপুত্র নদ।<br>পশ্চিমে-রাস্তা ও সার্কিট হাউজ।<br>দক্ষিণে-জজকোর্ট।<br>পূর্বে-উদয়ন সমিতি উচ্চ বিদ্যালয়। | ১ নং খাস খতিয়ান | | |
| | | | | | ২৭.১৫৫ | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী মোহাম্মদ মাইনুদ্দিন**
সহকারী সচিব।

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**ঢাকা বিআরটি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ জানুয়ারি ২০১৮

**নং ৩৫.০০.০০০০.০৪৫.০৫.০০১.১৫-০৪**—Dhaka Bus Rapid Transit Company Limited (Dhaka BRT) এর Articles of Association (AoA) এবং Memorandum of Association (MoA) অনুযায়ী নিম্নবর্ণিত কর্মকর্তাগণ সমন্বয়ে পরিচালনা পর্ষদ পূণর্গঠন করা হল:

| ক্রমিক নং | কর্মকর্তা | পদবি |
|---|---|---|
| ১ | জনাব মোঃ নজরুল ইসলাম, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | চেয়ারম্যান |
| ২ | জনাব মুরাদ রেজা, অতিরিক্ত এ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ | পরিচালক |
| ৩ | জনাব সৈয়দ আহম্মদ, নির্বাহী পরিচালক, ডিটিসিএ | পরিচালক |
| ৪ | জনাব আব্দুর রউফ তালুকদার, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ | পরিচালক |
| ৫ | প্রফেসর ড. ফরিদা নিলুফার, ডীন, আর্কিটেকচার ও প্লানিং অনুষদ, বুয়েট | পরিচালক |
| ৬ | জনাব ইবনে আলম হাসান, প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর | পরিচালক |
| ৭ | জনাব আলীম উদ্দিন আহমেদ, যুগ্মসচিব, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | পরিচালক |
| ৮ | জনাব কে এম রাহাতুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা গাজীপুর সিটি কর্পোরেশন | পরিচালক |
| ৯ | জনাব মোঃ মাহবুবুল আলম, সহ-সভাপতি, এফবিসিসিআই | পরিচালক |
| ১০ | জনাব কামরুল আবেদীন, এফসিএ, প্রেসিডেন্ট, আইসিএবি | পরিচালক |
| ১১ | জনাব খন্দকার এনায়েত উল্যাহ, মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন সমিতি | পরিচালক |
| ১২ | জনাব মোঃ সানাউল হক, প্রকল্প পরিচালক, জিডিএসইউটিপি (বিআরটি, এয়ারপোর্ট-গাজীপুর), সওজ | ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোছাম্মাৎ ফারহানা রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**কল্যাণ অধিশাখা**

**পরিপত্র**

তারিখ : ০৫ মাঘ, ১৪২৪/১৮ জানুয়ারি, ২০১৮

বিষয় : **১৬-২০ নম্বর গ্রেডভুক্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক ও আনুষঙ্গিক দ্রব্যাদির প্রাপ্যতা ও মূল্য পুনঃনির্ধারণ।**

নং ০৫.০০.০০০০.১২৩.০৬.০০১.১৬.১৬-৫৩—জাতীয় বেতনস্কেলের ১৬-২০ নং গ্রেডভুক্ত নন গেজেটেড কর্মচারীদের বিদ্যমান দাপ্তরিক পোশাক ও আনুষঙ্গিক দ্রব্যাদি এর প্রাপ্যতা ও মূল্য সংক্রান্ত পূর্বে জারীকৃত সকল পরিপত্র/অফিস আদেশ বাতিলপূর্বক সরকার নিম্নরূপে প্রাপ্যতা ও মূল্য পুনঃনির্ধারণ করেছে :

**(ক) পুরুষ কর্মচারীদের জন্য : (গ্রীষ্মকালীন)**

| ক্রম | দাপ্তরিক পোশাকের নাম, সংখ্যা | সময় | রং ও মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ফুল সাফারী ০১ সেট | প্রতি ০২ বছরের জন্য | রং : অফিস প্রধান কর্তৃক অনুমোদিত।<br>মূল্য : প্রতি সেট মজুরিসহ ২৫০০ টাকা। | |
| ০২ | হাফ সাফারী ০১ সেট | প্রতি ০২ বছরের জন্য | রং : অফিস প্রধান কর্তৃক অনুমোদিত।<br>মূল্য : প্রতি সেট মজুরিসহ ২৫০০ টাকা। | |
| ০৩ | জুতা ০১ (এক) জোড়া | প্রতি ০১ বছরের জন্য | রং : কালো অক্সফোর্ড সু।<br>মূল্য : প্রতি জোড়া ১,৮০০ টাকা। | |
| ০৪ | মোজা ০২ (দুই) জোড়া | প্রতি ০১ বছরের জন্য | রং : কালো<br>মূল্য : প্রতি জোড়া ১৫০ টাকা। | |
| ০৫ | ছাতা ০১ (এক) টি | প্রতি ০১ বছরের জন্য | রং : কালো।<br>মূল্য : প্রতিটি ৩০০ টাকা। | |
| ০৬ | নামফলক ০১ (এক) টি | প্রতি ০২ বছরের জন্য | | নাম ফলকের পরিবর্তে নামের ব্যাজ/ নামের ট্যাগ প্রাসঙ্গিক। |
| ০৭ | হ্যান্ড গ্লভস | --- | প্রয়োজন অনুযায়ী | সভাকক্ষে খাদ্য পরিবেশনের দায়িত্বে নিয়োজিত নির্ধারিত কর্মচারীগণ হ্যান্ড গ্লভস প্রাপ্য হবেন। |

শীতকালীন

| ক্রম | দাপ্তরিক পোশাকের নাম ও সংখ্যা | সময় | রং ও মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ভি গলা ফুল সোয়েটার | প্রতি ০২ বছরের জন্য | রং : নেভী ব্লু ভি-গলা ঐচ্ছিক<br>মূল্য : ১০০০ টাকা। | |
| ০২ | ফুল সার্ট ০১ (এক) টি | প্রতি ০২ বছরের জন্য | রং : সাদা ফুল সার্ট<br>মূল্য : ৬০০ টাকা। | |

(খ) নারী কর্মচারীদের জন্য : (গ্রীষ্মকালীন)

| ক্রম | দাপ্তরিক পোশাকের নাম ও সংখ্যা | সময় | রং ও মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | শাড়ী ও অনুষঙ্গ<br>(ক) জর্জেট শাড়ী ০২ টি ও অনুষঙ্গ<br>(খ) সুতি শাড়ী ০২টি ও অনুষঙ্গ | প্রতি ০২ বছরের জন্য | রং : অফিস প্রধান কর্তৃক অনুমোদিত পছন্দ অনুযায়ী জর্জেট/সিল্ক/সমমানের সুতি শাড়ী ও অনুষঙ্গ।<br>মূল্য : ৫,০০০ টাকা। | |
| ০২ | স্যান্ডেল/জুতা ০২ জোড়া | প্রতি ০১ বছরের জন্য | মূল্য : প্রতি জোড়া ১৮০০ টাকা। | |
| ০৩ | মোজা ০২ জোড়া | প্রতি ০১ বছরের জন্য | রং : কালো<br>মূল্য : প্রতি জোড়া ১৫০ টাকা। | |
| ০৪ | ছাতা ০১ টি | প্রতি ০১ বছরের জন্য | রং : রঙ্গিন।<br>মূল্য : প্রতিটির মূল্য ৩০০ টাকা। | |
| ০৫ | নামফলক ০১ টি | প্রতি ০২ বছরের জন্য | | নাম ফলকের পরিবর্তে নামের ব্যাজ/ নামের ট্যাগ প্রাসঙ্গিক। |
| ০৬ | হ্যান্ড গ্লভস | --- | প্রয়োজন অনুযায়ী | সভাকক্ষে খাদ্য পরিবেশনের দায়িত্বে নিয়োজিত নির্ধারিত কর্মচারীগণ হ্যান্ড গ্লভস প্রাপ্য। |

শীতকালীন

| ক্রম | দাপ্তরিক পোশাকের নাম ও সংখ্যা | সময় | রং ও মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | শাল অথবা সোয়েটার ০১টি | প্রতি ০২ বছর পর | প্রতিটি শাল/সোয়েটার<br>মূল্য : ১০০০ টাকা। | |
| ০২ | ফুল হাতা ব্লাউজ | প্রতি ০২ বছরের জন্য | মূল্য : ৬০০ টাকা।<br>সময় : প্রতি ০২ বছরের জন্য। | শীতকালে পরার জন্য |

**শুধু ডেসপ্যাচ রাইডারদের (১৮নং গ্রেডভুক্ত কর্মচারী) ক্ষেত্রে অতিরিক্ত প্রাধিকার**

| ক্রম | দাপ্তরিক পোশাকের নাম ও সংখ্যা | সময় | রং ও মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | রেইন কোট ০১টি (ছাতার পরিবর্তে রেইন কোট পাবে)। | প্রতি ০২ বছরের জন্য | রং : ছাই/কালো<br>মূল্য : প্রতিটি ১২০০ টাকা। | |
| ০২ | হেলমেট ০১টি | প্রতি ০৩ বছরের জন্য | মূল্য : ১৫০০ টাকা। | |
| ০৩ | ব্যাগ ০১টি (ওয়াটার প্রুফ) | প্রতি ০১ বছরের জন্য | মূল্য : প্রতিটি ১০০০ টাকা।<br>রং : ছাই/কালো | দাপ্তরিক চিঠিপত্র নিরাপদ সংরক্ষণের জন্য সরবরাহ করা যেতে পারে। |

শর্তাবলি :

ক) দাপ্তরিক দায়িত্ব পালনের সময়ে নির্ধারিত পোশাক পরিধান বাধ্যতামূলক।

খ) দাপ্তরিক পোশাক ও অনুষঙ্গ ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে সরকারি ক্রয় সংক্রান্ত বিধি/বিধান অনুসরণ করতে হবে।

গ) দাপ্তরিক পোশাক ও অনুষঙ্গ এর প্রাপ্যতার জন্য প্রত্যেক কর্মচারীকে নিয়োগপত্রের শর্তানুযায়ী চাকুরী স্থায়ী হতে হবে।

ঘ) অর্থ বিভাগের সম্মতিক্রমে জারীকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

**নাঈমা হোসেন**
উপসচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৩০ জানুয়ারি ২০১৮

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০৩০.১৭-৭২—বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন আদেশ, ১৯৭৩ এর ৭(১) ধারার বিধান অনুযায়ী উক্ত কর্পোরেশনের পরিচালক জনাব শামস আল মুজাহিদ এর স্থলে জনাব মোঃ মতিয়ার রহমান, যুগ্মসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-কে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তবে সর্বোচ্চ ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০১১.১৭-৭৩—দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিমিটেড এর পরিমেল বিধির ২৫ ধারার বিধান অনুযায়ী উক্ত কর্পোরেশনের পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মোঃ নজিবুর রহমান এর পরিবর্তে জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা- কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপসচিব।

ভূমি মন্ত্রণালয়

অধিগ্রহণ শাখা-১

এলএ কেস নং-৪৩/৭৫-৭৬

ফরম-"ঘ"

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারার মোতাবেক নোটিশ**

তারিখ : ০৪ মাঘ ১৪২৪ বঃ/১৭ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৩৫.১৪-৩৩—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৯-০৫-৭৯ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুমদখল করা হইয়াছে; এবং

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তসমূহ হুকুমদখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্বপ্রকার দায় দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**জমির তফসিল**

জেলা: রংপুর, উপজেলা: পীরগঞ্জ, মৌজা: ভেন্ডাবাড়ী, জেএল নং-৬৬

| এসএ খতিয়ান নং | এসএ দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ১৬ | ৩৩৬ | ১.৬৯ | ১.৫০ |

জমির পরিমাণ কম/ বেশী ১.৫০ একর।

অধিগ্রহণকৃত জমির নকশা জেলা প্রশাসকের কার্যালয় রংপুর এর ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যাইতে পারে।

**মির্জা তারিক হিকমত**
যুগ্মসচিব।

শাখা নং-১১

এলএ মামলা নং-৯/৬৯-৭০

ফরম-"ঘ"

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারার মোতাবেক নোটিশ**

তারিখ : ১১ মাঘ ১৪২৪ বঃ/২৪ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০০১.১১৮-৪২—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২০-০৩-৭০ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ উপধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে , নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

জেলা : গাইবান্ধা, উপজেলা : গোবিন্দগঞ্জ, মৌজা : মাগুড়া।

| সি, এস খতিয়ান | সি, এস দাগ | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১৮৮ | ২১১ | ০.৭৪ |
| ১৯২ | ২১২ | ০.২৪ |
| ২০৩/১ | ২১৩ | ০.২২ |
| ১৯২ | ২১৪ | ০.৩৭ |
| ২০৩/২ | ২১৫ | ০.০৮ |
| ১৯৯ | ২১৬ | ০.৩৬ |
| ১৮৯/১ | ২১৭ | ০.১৮ |
| ১৮৯/১ | ২১৮ | ০.২৩ |
| ১৮৯/১ | ২১৯ | ০.৪৯ |
| ২০৭ | ২২০ | ০.৩৭ |
| ৭০ | ২২১ | ০.১৫ |
| ১১২ | ২২৪ | ০.১৮ |
| ১৮৯/১ | ২২৫ | ০.২২ |
| ৫২ | ২২৬ | ০.১৮ |
| ৫২ | ২২৭ | ০.১৫ |
| ৬৪ | ২৩১ | ০.৬৩ |
| ২০৭ | ২৩২ | ০.৫৯ |
| ২০৭ | ২৫৭ | ০.১৬ |
| ৭৪ | ২৫৮ | ০.৪০ |
| ২৩০ | ৩৬৭ | ০.২৪ |
| ২৩৪ | ৩৬৮ | ০.১৮ |
| ২০৬ | ৩৬৯ | ০.৪৪ |
| ২০৭ | ৩৭০ | ০.২৮ |
| ২১১ | ৩৭১ | ০.১৪ |
| ২০৬ | ৩৭২ | ০.১৯ |
| | মোট= | ৭.৪১ একর |

জমির নকশা গাইবান্ধা জেলা প্রশাসকের অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মির্জা তারিক হিকমত**
যুগ্মসচিব।

এলএ কেস নং-১৪৩/৭৮-৭৯

"ঘ" ফরম

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারার মোতাবেক নোটিশ**

তারিখ : ১৫ মাঘ ১৪২৪ বঃ/২৮ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৪৪.১৪-৪৩—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৯-০৫-৭৯ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুমদখল করা হইয়াছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

জেলা-রংপুর, উপজেলা-রংপুর সদর, মৌজা-রাধাবল্লভ, জেএল নং-৯২

| এসএ খতিয়ান নং | এসএ দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১৫৪৯ | ১৭০৫ | ০.০০৬১ |
| | মোট= | ০.০০৬১ একর |

জমির পরিমাণ কম/ বেশী ০.০০৬১ একর।

অধিগ্রহণকৃত জমির নক্শা জেলা প্রশাসকের কার্যালয় রংপুর এর ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যাইতে পারে।

**মির্জা তারিক হিকমত**
যুগ্মসচিব।

---

**এলএ কেস নং-২৪/৬৯-৭০**

**"ঘ" ফরম**

**সম্পত্তি হুকুম দখলের জন্য ৫(৭) ধারার মোতাবেক নোটিশ**

তারিখ : ১৫ মাঘ ১৪২৪ বঃ/২৮ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৫০.১৪-৪৪—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন, ১৯৪৮ (১৯৪৮ সালের ১৩নং আইন) এর "৩" ধারামতে ৩০-০৭-৭৩ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুমদখল করা হইয়াছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারায় (৭) উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

মৌজা : নাটোর, জে,এল নং-২০৪, থানা-নাটোর, জেলা-নাটোর

| সি এস খতিয়ান নং | সিএস দাগ নং | অধিগৃহীত জমি (একরে) |
|---|---|---|
| ১১৯৬ | ৮০৬ | ১.৩৭ |
| ২০৫৬ | ৮০৭ | ০.৯৩ |
| ৬৪৪ | ৮০৮ | ১.০২ |
| ৬৪৪ | ৮০৯ | ০.০৬ |
| ৮০৫ | ৮১২ | ০.৮৬ |
| ৫৪ | ৮২০ | ০.৭৭ |
| ৯৭৬ | ৮২৮ | ০.৬১ |
| ৮০৫ | ৮২৯ | ০.৫৪ |
| ১২৬৮ | ৮৩০ | ০.৬৩ |
| ২৭২ | ৮৩১ | ০.২২ |
| ২৭২ | ৮৩২ | ০.২৩ |
| ২৭২ | ৮৩৩ | ০.২৫ |
| ২৭২ | ৮৩৪ | ০.২৪ |
| ৬৪৪ | ৮৩৫ | ০.৮৯ |
| ৬৪৫ | ৮৩৬ | ০.৮৭ |
| ১১৮০ | ৮৩৭ | ০.৩১ |
| ১১৮১ | ৮৩৮ | ০.২৮ |
| ১১৮১ | ৮৩৯ | ০.৩৬ |
| ২৭২ | ৮৪০ | ০.২১ |
| ২৭২ | ৮৪১ | ০.৩৭ |
| ২৭২ | ৮৪২ | ০.৩০ |
| ২৭২ | ৮৪৩ | ০.৩০ |
| | মোট = | ১১.৬২ একর |

মৌজা: আমহাটি, জে,এল নং-২০৭, থানা-নাটোর, জেলা-নাটোর

| | | |
|---|---|---|
| ১৬ | ৩১৮৫ | ০.৩৮ |
| ৯৬ | ৩১৮৬ | ০.৩৪ |
| ৫৮২ | ৩১৮৭ | ০.৪১ |
| ১৯৪ | ৩১৮৮ | ০.৩৮ |
| ৮৪৫ | ৩৫৭২ | ১.০৪ |
| ৪১৫ | ৩৫৭৪ | ১.০৪ |
| ১৮৩ | ৩৫৭৫ | ০.৫৩ |
| | মোট : | ৪.১২ |
| | সর্বমোট = | ১৫.৭৪ একর |

জমির নকশা ভূমি হুকুম দখল শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর-এ দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মির্জা তারিক হিকমত**
যুগ্মসচিব।

---

**বাণিজ্য মন্ত্রণালয়**
**রপ্তানি-১ শাখা**

**গণবিজ্ঞপ্তি**

তারিখ : ২১ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ২৬.০০.০০০০.১০০.৪২.০০৪.১৭-০৭—এতদ্বারা, রপ্তানি নীতি ২০১৫-২০১৮ এর ৭.১১ উপানুচ্ছেদের আলোকে কাঁচামালসহ ঔষধ-কে 'বর্ষ পণ্য-২০১৮ (Product of the Year 2018)' ঘোষণা করা হলো।

**নাজনীন পারভীন**
সিনিয়র সহকারী সচিব।

---

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৫ (প্রশাসন ও শৃঙ্খলা) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ অগ্রহায়ণ ১৪২৪/১২ ডিসেম্বর ২০১৭

নং ৪১.০০.০০০০.০৩৬.২৭.০১১.১১-২১৬—যেহেতু, জনাব মোঃ ফিরাদুল হক, সমাজসেবা অফিসার (সাময়িক বরখাস্ত), তেজগাঁও সার্কেল, ঢাকায় কর্মরত থাকাকালীন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের সাথে জড়িত থাকার অভিযোগে গঙ্গাচড়া থানা, রংপুর (জিআর মামলা নং ১৪৮/১০, তারিখ: ০৮-০৭-২০১০ খ্রিঃ) মামলা দায়ের করা হয় এবং পুলিশ কর্তৃক গ্রেফতার হয়ে কারাগারে প্রেরিত হন। উক্ত গ্রেফতার এর প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও (ডি) মোতাবেক "অসদাচরণ" ও "দুর্নীতি পরায়ন" এর সামিল ও গুরুদণ্ড অপরাধ যোগ্য বিধায় তাঁকে বাংলাদেশ সার্ভিস রুলস, পার্ট-১ এর বিধি-৭৩- নোট-২ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ১১(১) মোতাবেক গত ১২-০৭-২০১০ তারিখ এ মন্ত্রণালয়ের নং-সকম/প্রঃ-৪/৩৪৪/২০১০-১৮৩ সংখ্যক স্মারকে চাকুরী হতে সাময়িক বরখাস্ত এবং গত ১৮-০৫-২০১১ তারিখ নং-৪১.০৩৬.০০১.০০.০০.০১১.২০১১-৬৭ সংখ্যক স্মারকমূলে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের করা হয় (মামলা নং-০১, তারিখ : ১৫-০৫-২০১১)।

যেহেতু, জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিধি-৩ শাখা হতে ০৮-০৩-২০১৬ তারিখ ০৫.০০.০০০০.১৭২.২২.০২৬.১৫-৫৪ সংখ্যক স্মারকমূলে প্রেরিত মতামত অনুযায়ী জনাব মোঃ ফিরাদুল হক, সমাজসেবা অফিসার (সাময়িক বরখাস্ত) ১১০০০—২০৩৭০ টাকা (৯ম গ্রেড) স্কেলভুক্ত 'সমাজসেবা অফিসার' পদে সরাসরি নিয়োগপ্রাপ্ত এবং তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলায় (মামলা নং -০১, তারিখ : ১৫-০৭-২০১১) দায়েরের সময় তিনি একই বেতন স্কেল (১১০০০—২০৩৭০ টাকা) ও একই পদে কর্মরত ছিলেন এবং বর্তমান চাকরিতে কোন টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রাপ্ত হননি। সুতরাং জনাব মোঃ ফিরাদুল হক (সাময়িক বরখাস্ত) এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় (মামলা নং-০১, তারিখ-১৫-০৭-২০১১) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৪(৩)(এ) মোতাবেক 'নিম্ন বেতন স্কেলে অবনমিতকরণের (Reduction to a lower time-scale)' গুরুদণ্ড প্রদানের বিধিগত কোন সুযোগ নেই মর্মে জানান।

যেহেতু, জনাব মোঃ ফিরাদুল হক, সমাজসেবা অফিসার (সাময়িক বরখাস্ত)-কে বিজ্ঞ আদালত ফৌজদারী কার্যবিধির ২৪১(ক) ধারায় উক্ত মামলার অভিযোগের দায় থেকে অব্যাহতি প্রদান করেন।

যেহেতু, জনাব মোঃ ফিরাদুল হক, সমাজসেবা অফিসার (সাময়িক বরখাস্ত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৩(বি) ও (ডি) মোতাবেক সমাজকল্যাণ মন্ত্রণালয়ের গত ১২-০৭-২০১০ তারিখের নং-সকম/প্রঃ-৪/৩৪৪/২০১০-১৮৩ সংখ্যক স্মারকের 'সাময়িক বরখাস্তের' আদেশ প্রত্যাহারসহ বিভাগীয় মামলার দায় থেকে অব্যাহতি প্রদান করা হলো।

২। তাঁর সাময়িক বরখাস্তকালীন সময় "কর্মকাল" হিসাবে গণ্য হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ জিল্লার রহমান**
সচিব।

---

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ : ১১ মাঘ ১৪২৪/২৪ জানুয়ারি ২০১৮

**নং ৪৩.০০.০০০০.১১৪.১৬.১৮৫.১৭-৩৯**—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) পুরাকীর্তি আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল :

| ক্রমিক নং | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং (এস.এ) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | সুজানগরের জমিদার | দুলাই | ১২৫৩ | ৫৬০/৯৩৫ | ০.৮০ একর | | রওশনজান চৌধুরী | না | |
| | আজিম চৌধুরীর বাড়ী | | " | ৫৬১/৯৩৬ | ২.০০ একর | | সরওয়ার জান চৌধুরী | | |
| | গ্রাম : দুলাই | | " | ৫৬২/৯৩৭ | ১.৬৫ একর | | মাহবুবজান চৌধুরী | | |
| | ইউনিয়ন+ডাকঘর : দুলাই | | " | ৫৪৩/৮২৩ | ০.৬৭ একর | | রফিকজান চৌধুরী | | |
| | উপজেলা : সুজানগর | | " | ৫৪৫/৮৩৩ | ০.৪৪ একর | | পিতা-হোসেন জান চৌধুরী | | |
| | জেলা : পাবনা | | " | ৫৪৮/৮২৭ | ০.৪৪ একর | | দেলোয়ারা বেগম | | |
| | | | " | ৫৫০/৮৩১ | ০.৮৪ একর | | জং-কাজী সেরাজুল ইসলাম | | |
| | | | " | ৫৫১/৮৩২ | ০.৯৯ একর | | রেজিয়া সেন | | |
| | | | " | ৫৫২/৮৩০ | ০.৩২ একর | | জং-সৈয়দ খায়রুল আলম | | |
| | | | " | ৫৫৩/৮২৯ | ০.৩০ একর | | বগমদন নেছা চৌধুরী | | |
| | | | " | ৫৪৯/৮২৮ | ০.৭০ একর | | জং- লতিফজান চৌধুরী | | |
| | | | " | ৫৫৭/৯৪১ | ০.৫৬ একর | | সায়েস্তা কিশোর চৌধুরী | | |
| | | | " | ৫৫৮/৯৪২ | ০.৫৮ একর | | জং- রওশনজান চৌধুরী | | |
| | | | " | ৫৫৪/৯৩৮ | ০.৩৬ একর | | সাং- দিলালপুর | | |
| | | | " | ৫৪৬/৮২৫ | ০.৯১ একর | | | | |
| | | | " | ৫৪৪/৮২৪ | ১.৪৬ একর | | | | |
| | | | " | ৫৪৭/৮২৬ | ০.৪৩ একর | | | | |
| | | | ১২৪৯ | ৫৫৬/৯৪০ | ০.৪০ একর | | রওশনজান চৌধুরী | | |
| | | | " | ৩৬২/৬৪৮ | ৫.৩৭ একর | | পিতা-হোসেন জান চৌধুরী | | |
| | | | " | ৩৬৩/৬৪৭ | ৭.৩৯ একর | | সাং- নিজ | | |
| | | | " | ৫৫৫/৯৩৯ | ০.৪৮ একর | | | | |
| | | | ১২৫০ | ২৪৪৩/২৯৯৩ | ০.০৭ একর | | রৌশনজান চৌধুরী | | |
| | | | " | ২৪২০/২৯৭২ | ০.১৪ একর | | কেরম আলী | | |
| | | | " | ২৫৭৫/৩২৮৫ | ০.২৭ একর | | পিতা-হোসেন জান চৌধুরী | | |
| | | | " | ২৩৭৪/২৯২১ | ০.৪২ একর | | সাং- নিজ | | |
| | | | ১৪০১ | ৫৩৯/৮১৯ | ০.৬৬ একর | | শায়েস্তা কিশোর চৌধুরী | | |
| | | | | | | | জং- রৌশনজান চৌধুরী | | |
| | | | | মোট= | ২৮.৬৫ একর | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী মোহাম্মদ মাইনুদ্দিন**
সহকারী সচিব।

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**বিমান শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ জানুয়ারি ২০১৮

**নং ৩০.০০.০০০০.০১৭.১৮.০১০.১৬-৮৫**—হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এবং বিমানের ফ্লাইট/কার্গো হ্যান্ডলিং কার্যক্রম অনলাইনে মনিটরিং এর বিষয়টি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিতভাবে একটি টেকনিক্যাল কমিটি গঠন করা হলো :

**আহবায়ক**

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন), এ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

০২। প্রতিনিধি, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

০৩। প্রতিনিধি, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

০৪। প্রতিনিধি, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড

**সদস্য-সচিব**

০৫। সহকারী প্রোগ্রামার, এ মন্ত্রণালয়

২। **কার্যপরিধি :**

(ক) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এবং ফ্লাইট/কার্গো হ্যান্ডলিং কার্যক্রমের বিষয়সমূহ IP camera এর মাধ্যমে অনলাইনে সচিবালয় হতে তদারকির জন্য সংশ্লিষ্ট যন্ত্রপাতিসহ আনুষঙ্গিক বিষয়াদির চাহিদা নিরূপণ;

(খ) মন্ত্রণালয়/সংস্থাওয়ারী বাজেট নির্ধারণ;

(গ) মন্ত্রণালয়/সংস্থাসমূহের দায়িত্ব নিরূপণ/নির্ধারণ;

(ঘ) কমিটি আগামী ১৫ (পনেরো) দিনের মধ্যে প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করবে।

(ঙ) বিবিধ।

৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নিলুফার জেসমিন খান**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রশাসন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ জানুয়ারি ২০১৮

নং ৩০.০০.০০০০.০১০.১৮.০১৩.১৬-৯৪—জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১৪-০১-২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৩২.১৯.০০১.১৭-২৪ সংখ্যক প্রজ্ঞাপন অনুসারে জনাব মোঃ আলমগীর, অতিরিক্ত সচিব (পরিচিতি নং-৫২৩৬) কে হোটেলস্ ইন্টারন্যাশনাল লিমিটেড (হিল) এর ব্যবস্থাপনা পরিচালক পদে নিম্নোক্ত শর্তে প্রেষণে নিয়োগ করা হলো :

(ক) **বেতন** : তাঁর নিজ বেতনক্রম অনুযায়ী হবে;

(খ) **অন্যান্য সুবিধা** : তিনি হিলের ব্যবস্থাপনা পরিচালক পদের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য সুবিধাদি পাবেন;

(গ) **বাড়ি ভাড়া** : তাঁকে বিনা ভাড়ায় বাসস্থান দেয়া হলে তিনি কোন বাড়ি ভাড়া ভাতা গ্রহণ করতে পারবেন না;

(ঘ) **বাধ্যতামূলক চাঁদা** : তিনি প্রযোজ্য সকল বাধ্যতামূলক চাঁদা যথা-ভবিষ্য তহবিল, গোষ্ঠী বীমা, কল্যাণ তহবিল ইত্যাদি বিধি মোতাবেক পরিশোধ করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**তাহমিদা আহমদ**
যুগ্মসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ২৫ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-০১/৯৫-১২১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ মফিজুল ইসলাম, পিতা-মোঃ শামছুদ্দিন সরকার (বীর মুক্তিযোদ্ধা), মাতা-মনোয়ারা বেগম, গ্রাম-পূর্ব হাজীনগর, ওয়ার্ড নং-৬৮, ডাকঘর-সারুলিয়া-১৩৬১, থানা-ডেমরা, জেলা- ঢাকা এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের নবগঠিত ৬৮নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

**বুলবুল আহ্মেদ**
সিনিয়র সহকারী সচিব।